গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৮নং বোদা ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলা ঃ বোদা , জেলাঃ পঞ্চগড় ।

---

নির্মাণ কাজের জন্য দরপত্র দলিল

এলজিএসপিঃ ৩ , গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## নোটিশ

৮নং বোদা ইউনিয়নে অবস্থিত সকল প্রাইমারী ও হাই স্কুলে উচ-নিচু বেঞ্চ সরবরাহ করন প্রকল্পের স্থানে উক্ত নির্মান কাজের জন্য অনুরূপ অভিজ্ঞতাসম্পন্ন (কাজের ধরনের ভিত্তিতে অনুরূপ কাজ/ব্যবসায়ের ক্ষেত্রে অতীত অভিজ্ঞতার বিবরণ উলে- খ করতে হবে) ঠিকাদার/ব্যবসায়ী/ব্যক্তির নিকট থেকে সিলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

**শর্ত এবং নিয়মাবলীঃ**

১. সংযুক্ত সিডিউলে কাজ/মালামাল/দ্রব্যাদি এবং কাজের স্থান (এবং প্রযোজ্য ক্ষেত্রে মালামাল/দ্রব্যাদি সরবরহের স্থান) বর্ণনা করা হয়েছে।

২. কার্যাদেশ পাওয়ার ৪৫ দিনের মধ্যে দরদাতা কর্তৃক কাজ (বা মালামাল/দ্রব্যাদি সরবরাহ) সম্পন্ন করতে হবে।

৩. নির্মান কাজ (প্রযোজ্য ক্ষেত্রে সরবরাহ) সম্পাদনের পর মূল্য পরিশোধ করতে হবে।

৪. দ্রব্য মালামাল সরবরাহের ক্ষেত্রে সরবরাহ সম্পন্ন হওয়ার পর এক মাস এবং পূর্ত কাজের ক্ষেত্রে কাজ সম্পন্ন করার পর এক বছর পর্যন্ত চুক্তি মূল্যের ৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক রিটেশন হিসেবে রেখে দেওয়া হবে। এ সময়ের মধ্যে নির্মান কাজে বা সরবরাহর্কত দ্রব্য/মালামালে কোন ত্রুটি না পাওয়া গেলে উক্ত অর্থ ফেরত দেওয়া হবে।

৫. স্পেসিফিকেশন অনুযায়ী এবং নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ বা দ্রব্য/মালামাল সরবরাহ বা সম্পাদনসাপেক্ষে সর্বনিম্ন মূল্যায়িত দরদাতাকে কার্যাঅদেশ দেওয়া হবে।

৬. দরদাতা দরপত্রের সিডিউল (প্রযোজ্য ক্ষেত্রে ফরমেট) যথাযতভাবে পূরণ করবেনএবং অমোচনীয় কালি দিয়ে স্বাক্ষর করবেন। মূল্যায়িত দরদাতাকে কার্যাদেশ দেওয়া হবে।

৭. দাখিলকৃত দর দরপত্র দাখিলের দিন থেকে ৪৫ দিন পর্যন্ত বলবৎ থাকবে।

৮. দরপত্র....১৩.০৬.২২...তারিখে ১২.০০ ঘটিকার মধ্যে বা তৎপূর্বে নিম্নঠিকানায় দাখিল করতে হবে (একাধিক স্থানে খোলা হবে না)। দরপত্র উক্ত স্থানে ও একই তারিখে ১২.৩০ ঘটিকায় খোলা হবে। খোলার সময় দরদাতা বা তাদের প্রতিনিধিবৃন্দ উপস্থিত থাকতে পারবেন।

৯. কোন দরপত্র দরপত্র দলিলের যে কোন বা সকল শর্ত পূরণ না করলে তা নন-রেসপনসিভ হিসেবে বাতিল হতে পারে।

১০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষন করে।

২০/৬/২০২২

অখিল চন্দ্র ঘোষ
চেয়ারম্যান
৮নং বোদা ইউনিয়ন পরিষদ
বোদা, পঞ্চগড়।